

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।  
[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৬.২১-৩৯৬

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮  
০৫ মে ২০২১

বিষয় : পবিত্র ঈদুল ফিতর, ২০২১ উপলক্ষে কারা কর্মকর্তা ও কর্মচারীদের প্রণোদনা (ভর্তুকি) হিসেবে ডেনিশ ফুডস লিমিটেড কর্তৃক সরবরাহকৃত মালামাল গ্রহণের পর টাকা প্রদান।

সূত্র: ক। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৭.২০২১-৩৬২ তারিখঃ ১৯-৪-২০২১  
খ। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৭.২১-৩৭৬ তারিখঃ ২৬-৪-২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রস্থ 'ক' পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রাপ্তির ভিত্তিতে সূত্রস্থ 'খ' পত্রের মাধ্যমে কারা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রণোদনা হিসেবে নির্ধারিত দ্রব্য সমগ্রী ০৮-৫-২০২১ তারিখের মধ্যে ডেনিশ ফুডস লিমিটেড কর্তৃক সকল কারাগারে সরবরাহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ডেনিশ ফুডস লিমিটেড কর্তৃক সরবরাহকৃত দ্রব্য সামগ্রীর মূল্য প্যাকেজ প্রতি ১০৬৫/- (এক হাজার পঁয়ষট্টি) টাকা পরিশোধ করতে হবে। এর মধ্যে ৯৬৫/- টাকা কারাগারের কমন ফান্ড থেকে এবং ১০০/- (একশত) টাকা কারা কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে আদায় করতে হবে।

অতএব আপনার অধীনস্থ কারাগার হতে প্যাকেজ প্রতি (৯৬৫/-+১০০/-)= ১০৬৫/- (এক হাজার পঁয়ষট্টি মাত্র) টাকা হিসেবে সর্বমোট অর্থ সংগ্রহ করতঃ একত্রে "কারা অধিদপ্তর ফান্ড" সঞ্চয়ী হিসাব নং-৩৪০১১৭৯৪, সোনালী ব্যাংক লিমিটেড, উর্দু রোড শাখা, ঢাকা বরাবরে অনলাইনে জমা করে জমার স্লিপ কারাগারের পত্রসহ ই-মেইল যোগে (prison\_dte@Yahoo.com অথবা prison.admnbranch021@jmail.com) ২০-৫-২০২১ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ তৌহিদুল ইসলাম  
কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অ:দা:)  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
dighq@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক }  
সকল বিভাগ }  
সকল বিভাগীয় দপ্তর। }

ই-মেইলের মাধ্যমে

অনুলিপিঃ

- ১। সিনিয়র জেল সুপার/জেল সুপার } ডেনিশ ফুডস লিমিটেড থেকে মালামালগুলো প্রাপ্তির পর উহার মূল্য যথাসময়ে আপনার বিভাগের  
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার } কারা উপ-মহাপরিদর্শক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই সি টি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উক্ত স্মারকটি কারা বিভাগের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।